দৈনিক ইনকিলাব

তারিখ 21 APR 1997
পৃষ্ঠা 9 কলাম 4

## রাজশাহী ভার্সিটিতে নয়া ভর্তি পদ্ধতি

# ছাত্র-ছাত্রীদের টাকা খরচ হবে বেশী ঃ পরীক্ষা দিতে হবে ২০/২৫ বার

রাজশাহী অফিস ঃ বাংলাদেশী জাতীয়তাবাদ ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি সংক্রান্ত বিষয়ে এক বিবৃতিতে বলেন, "রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রায় এক যুগ ধরে অনুষদভিত্তিক প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা প্রচলিত আছে। বাংলাদেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়েও অনুষদ/ইউনিটভিত্তিক পরীক্ষা পদ্ধতি প্রচলিত রয়েছে। বহুদিনের অভিজ্ঞতার ফলে এ ধরনের পরীক্ষা পদ্ধতি নিরপেক্ষ, গ্রহণযোগ্য ও কার্যকরী বলে প্রমাণিত হয়েছে। এ পদ্ধতি চালু করার সময় শিক্ষা পরিষদ সভা প্রচলিত অর্ডিন্যান্স সংশোধন করেই চালু করেছিল। আবার এ পদ্ধতি হতে ভিন্ন পদ্ধতিতে ফিরে যেতে হলে শিক্ষা পরিষদ কর্তৃক আবার অর্ডিন্যান্স সংশোধন করা প্রয়োজন। আর সে লক্ষ্যেই সমাজবিজ্ঞান বিভাগ যখন ভর্তি পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করে, বিভাগভিত্তিক পরীক্ষার প্রস্তাব করে তা ১৯০তম শিক্ষা পরিষদ সভার ৪০ নম্বর প্রস্তাবে বিবেচিত হবার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় একাডেমিক কমিটির মতামত অনুষদভিত্তিক বিবেচনা করা হোক এবং অনুষদের মতামতসমূহ যৌথ-অনুষদ সভায় আলোচনার পর তা শিক্ষা পরিষদ সভায় বিবেচনার জন্য পেশ করা হোক।"

কিন্তু বর্তমান প্রশাসন শিক্ষা পরিষদের সিদ্ধান্তের তোয়াক্কা না করে ভর্তি কমিটির সভায় ক্ষমতা বহির্ভূতভাবে অনুষদভিত্তিক পরীক্ষা পদ্ধতির পরিবর্তে তড়িঘড়ি করে বিভাগভিত্তিক ভর্তি পদ্ধতি চালু করার সিদ্ধান্ত নিয়েছেন এ সিদ্ধান্ত উদ্দেশ্যপ্রণোদিত, অগ্রহণযোগ্য, ক্ষমতাবহির্ভূত, অবৈধ এবং বাতিলযোগ্য। আমাদের দৃঢ় ধারণা, এ ধরনের পরিবর্তন ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের কঠিন সমস্যার সৃষ্টি করবে। অনুষদভিত্তিক পরীক্ষায় একজন প্রার্থী ২ অথবা ৩ অনুষদের ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হয়ে এতগুলো বিষয়ে ভর্তির সুযোগ পেত, বিভাগভিত্তিক পরীক্ষা হলে একই সংখ্যক বিষয়ে সুযোগ পেতে এখন তাকে ২০ বা ২৫ বার পরীক্ষা দিতে হবে। পরীক্ষার সময়সূচীর কারণে একই সময়ে একাধিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় পরীক্ষার্থীর পক্ষে ঈপ্সিত সকল বিষয়ে পরীক্ষা দেয়া সম্ভব হবে না। নতুন পদ্ধতিতে ভর্তি পরীক্ষা সম্পন্ন করতে প্রায় দুই সপ্তাহ সময় লাগবে। রাজশাহীর বাইরে থেকে আগত পরীক্ষার্থীদের এতদিন রাজশাহীতে অবস্থান এবং প্রতিদিন তিনটি বিষয়ে পরীক্ষা দেয়া অত্যন্ত কষ্টকর হয়ে পড়বে। প্রতিবিষয়ের জন্য ভর্তির প্রাথমিক আবেদনপত্র সংগ্রহ করতে ৫০ টাকা হিসাবে অধিকাংশ পরীক্ষার্থীকে এক হাজার থেকে চৌদ্দশ' টাকা ব্যয় করতে হবে। যা বহন করা গরীব অভিভাবকদের জন্য দুঃসাধ্য।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষার মান বজায় রাখার প্রয়োজনে, যুগোপযোগী ও আধুনিক ভর্তি পরীক্ষার মাধ্যমে উপযুক্ত মেধাসম্পন্ন ছাত্র-ছাত্রী ভর্তির স্বার্থে পরীক্ষার্থীদের হয়রানি বন্ধের লক্ষ্যে এবং ভর্তি পরীক্ষার স্বচ্ছতা, নির্ভরযোগ্যতা ও নিরপেক্ষতা বজায় রাখার প্রয়োজনে প্রচলিত অনুষদভিত্তিক ভর্তি পরীক্ষা চালু রাখার ব্যবস্থা গ্রহণের জন্য তারা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়েছেন।